**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/25/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল মেমোরিয়াল দিবস সপ্তাহান্ত উপলক্ষে নির্মাণকাজ সংক্রান্ত লেন বন্ধ থাকা সাময়িকভাবে স্থগিত করার ঘোষণা দিলেন

***26 মে, শুক্রবার, সকাল 6টা থেকে 30 মে, মঙ্গলবার, সকাল 6টা পর্যন্ত লেন বন্ধ থাকা সাময়িকভাবে স্থগিত হবে***

***রাস্তার পাশে জরুরি ও রক্ষণাবেক্ষণ যানবাহনগুলির জন্য গাড়িচালকদের গতি কমাতে এবং সরে যাওয়ার আহ্বান জানানো হয়েছে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে মেমোরিয়াল দিবস (Memorial Day) ছুটির সপ্তাহান্তজুড়ে যাতায়াত সহজ করার জন্য নিউ ইয়র্ক স্টেটের হাইওয়েগুলিতে রাস্তা ও সেতুর নির্মাণকাজ প্রকল্পসমূহের জন্য অস্থায়ীভাবে লেন বন্ধ থাকা 26 মে, শুক্রবার, সকাল 6টা থেকে 30 মে, মঙ্গলবার, সকাল 6টা পর্যন্ত সাময়িকভাবে স্থগিত করা হবে।

"মেমোরিয়াল দিবস অনানুষ্ঠানিকভাবে গ্রীষ্মকালীন মৌসুমের সূচনা করে, এবং স্টেটজুড়ে নিউ ইয়র্কবাসীরা পরিবার ও বন্ধুদের সাথে সময় উপভোগ করার জন্য রাস্তায় বের হয়ে আসবে," **গভর্নর হোকল বলেন।** "আমরা ট্র্যাফিক সহজ করার জন্য এবং সকলেই যাতে নিরাপদে সম্ভাব্য সর্বনিম্ন বিলম্বে নিজেদের গন্তব্যে পৌঁছাতে পারে তা নিশ্চিত করতে সাহায্য করার জন্য স্টেটের রাস্তায় নির্মাণকাজ সাময়িকভাবে স্থগিত করছি। এই সপ্তাহান্তে ভ্রমণ করা সকলকেই আগে পরিকল্পনা করা এবং দায়িত্বশীলভাবে গাড়ি চালানোর মাধ্যমে নিজ দায়িত্ব পালন করার জন্য আমি তাগিদ দিচ্ছি।"

গাড়িচালকদের অবগত থাকতে হবে যে স্থায়ী কংক্রিটের প্রতিবন্ধকের পিছনে বা জরুরি মেরামতের জন্য কিছু কাজ চলতে পারে। নির্মাণ বন্ধ করা নিউ ইয়র্ক স্টেটের ড্রাইভার্স ফার্স্ট উদ্যোগের (Drivers First Initiative) সাথে মিলে যায়, যেটি ট্র্যাফিক জ্যাম এবং রাস্তা ও সেতুর কাজের জন্য যাত্রা বিলম্ব কমাতে মোটরচালকদের সুবিধাকে অগ্রাধিকার প্রদান করে।

আমেরিকান অটোমোবাইল অ্যাসোসিয়েশন (American Automobile Association, AAA) অনুমান করছে যে মেমোরিয়াল দিবসের সপ্তাহান্তে 42.3 মিলিয়ন মানুষ ভ্রমণ করবে, যা 2022 সালের তুলনায় 7 শতাংশ বৃদ্ধি পাবে। শুধু গাড়িতে যাত্রার ক্ষেত্রেই, এক বছরের আগের তুলনায়

6 শতাংশ বৃদ্ধি পাবে বলে AAA অনুমান করছে, যার অর্থ হলো দুই মিলিয়নের বেশি গাড়ি চালক এবং মোট 37.1 মিলিয়ন মানুষ।

গাড়ি চালকরা স্টেটের রাস্তা ছেড়ে দেয়ার আইন অনুসরণ করা উচিত, যে আইন অনুযায়ী গাড়ি চালকদের জন্য স্টেটজুড়ে রাস্তাগুলোতে থেমে থাকা আইন প্রয়োগকারী সংস্থার যানবাহন, ফায়ার ট্রাক, অ্যাম্বুলেন্স, টো ট্রাক ও নির্মাণকাজ বা রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত যানবাহনের জন্য গতি কমিয়ে রাস্তা ছেড়ে দেয়া আবশ্যক।

স্টেট হাইওয়ে সংলগ্ন পার্ক-ও-রাইড ফ্যাসিলিটি, বিশ্রামের স্টপ, সার্ভিসের জায়গা ও পার্কিংয়ের জায়গা সহ টেক্সট স্টপগুলো গাড়ি চালানোর সময় মনোযোগে বিঘ্ন ঘটা কমিয়ে আনার জন্য স্টেটের প্রচেষ্টায় সহায়তা করে।সব টেক্সট স্টপ খোলা থাকবে, যেখানে গাড়ি চালকরা কল করা, টেক্সট পাঠানো, নেভিগেট করা ও মোবাইল অ্যাপ অ্যাক্সেস করার জন্য নিরাপদে ও সুবিধাজনক উপায়ে তাদের ফোন ও অন্যান্য মোবাইল ডিভাইস ব্যবহার করতে পারবেন। গাড়ি চালানোর সময় টেক্সট করা বিশেষ করে বিপজ্জনক, কারণ এতে মোটরচালকদের তাদের চোখ রাস্তা থেকে সরাতে হয়, স্টিয়ারিং থেকে হাত সরাতে হয় এবং গাড়ি চালানো থেকে মন সরাতে হয়।

থ্রুওয়ে অথরিটি গাড়ি চালকদের মনে করিয়ে দিচ্ছে যে 450 মিলিয়ন ডলারের বেসরকারি বিনিয়োগ ও আধুনিকায়ন প্রকল্পের অংশ হিসেবে দশটি পরিষেবার এলাকা বন্ধ আছে এবং নির্মাণকাজ চলমান রয়েছে। সব জায়গায় জ্বালানি পরিষেবা খোলা থাকবে। গাড়ি চালকরা থ্রুওয়ে অথরিটির ওয়েবসাইট ও বিনামূল্যের মোবাইল অ্যাপ থেকে পরিষেবা এলাকাগুলো দেখতে পারবেন এবং সে অনুযায়ী তাদের থামার জায়গার ব্যাপারে পরিকল্পনা করতে পারবেন।

**নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের (Department of Transportation) কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন,** "ভ্রমণ, বিশেষ করে ব্যস্ত ছুটির সপ্তাহান্তে ভ্রমণ কঠিন ও চাপপূর্ণ হতে পারে, তাই নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগে আমাদের লক্ষ্য হলো ভ্রমণকে যতটা সম্ভব সহজ এবং নিরাপদ করা। নির্মাণ কার্যক্রম সাময়িকভাবে স্থগিত করার মাধ্যমে গভর্নর হোকল নিরাপত্তা ও সুবিধার প্রতি তার প্রতিশ্রুতি প্রদর্শন করেছেন, এর ফলে ভ্রমণকারীরা নিজেদের গন্তব্যে পৌঁছানোর ক্ষেত্রে সম্ভাব্য সর্বনিম্ন সংখ্যক বিঘ্নের মুখোমুখি হবে। আমি সকল গাড়িচালকদের তাগিদ দিচ্ছি সিটবেল্ট বেঁধে, ফোন রেখে, মনোযোগ দিয়ে গাড়ি চালানোর জন্য, যাতে করে সকলেই নিরাপদে তাদের গন্তব্যে পৌঁছাতে পারে।"

**থ্রুওয়ে কর্তৃপক্ষের (Thruway Authority) অন্তর্বর্তীকালীন নির্বাহী পরিচালক ফ্র্যাঙ্ক জি. হোয়ার বলেন,** "মেমোরিয়াল দিবসের সপ্তাহান্তে সাধারণত রাস্তার জন্য খুবই ব্যস্ত একটি সময়, এবং নির্মাণকাজ সাময়িকভাবে বন্ধ রাখা হলে তা যানজট কম করতে এবং বিলম্ব হ্রাস করতে সাহায্য করবে। যদিও নির্মাণকাজ বন্ধ থাকবে, জরুরি এবং রাস্তার পাশের কর্মীরা ভ্রমণকারীদের সহায়তা করার জন্য বাইরেই থাকবে। সতর্ক থাকা, রাস্তার পাশে জরুরি যানবাহন দেখলে গতি কম করা এবং সরে যাওয়া গাড়ি চালকদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। দায়িত্বশীলভাবে গাড়ি চালালে জীবন রক্ষা করা যেতে পারে।"

**মোটর যান বিভাগে কমিশনার (Department of Motor Vehicles) এবং গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটির (Governor's Traffic Safety Committee) প্রধান মার্ক জে. এফ. শ্রোডার বলেন,** "আবহাওয়া উষ্ণতর হওয়ার ফলে আমাদের অনেকেই গ্রীষ্মকালীন ভ্রমণের নতুন গন্তব্যে ঘুরতে যেতে খোলা রাস্তায় বের হয়ে পড়ার জন্য উৎসুক। গাড়ি বেশি হলে রাস্তার প্রতি চালকদের পূর্ণ মনোযোগ প্রদান না করার ঝুঁকি বৃদ্ধি পায় এবং সংঘর্ষের সুযোগ বৃদ্ধি পায়। সকলেই যাতে নিজ গন্তব্যে নিরাপদে ও সুরক্ষিতভাবে যেতে পারে তা নিশ্চিত করতে চলার পথে অন্য যাত্রীদের খেয়াল রাখার ব্যাপারে সকলের নিজ দায়িত্ব পালন করা অতি গুরুত্বপূর্ণ।"

**নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police) অন্তর্বর্তীকালীন সুপারিন্টেনডেন্ট স্টিভেন নিগ্রেলি বলেন,** "জরুরি সাড়াদানকারী এবং আমাদের রাস্তাঘাটের রক্ষণাবেক্ষণের কাজ যারা করে তাদের জন্য সবথেকে বিপজ্জনক কাজের পরিবেশ হলো হাইওয়ে। মেমোরিয়াল দিবসের সপ্তাহান্ত চলাকালে, বহু উদযাপনের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটজুড়ে ভ্রমণও বৃদ্ধি পায়। যদিও রাস্তার নির্মাণকাজ সাময়িকভাবে স্থগিত থাকবে, নিউ ইয়র্কবাসীদের উচিত রাস্তার নিয়ম অনুসরণ করা।গাড়িচালকদের ওয়ার্ক জোনে সতর্কতার সাথে গাড়ি চালানোর কথা, লিখে রাখা গতি সীমা মান্য করা, জরুরি ও রক্ষণাবেক্ষণ যানবাহনের ব্যাপারে খেয়াল করা এবং মদ্যপ অবস্থায় গাড়ি না চালানোর কথা স্মরণ করিয়ে দেওয়া হচ্ছে। একসঙ্গে আমরা এই ছুটির দিনের সপ্তাহান্ত নিরাপদে উদযাপন করার পথে এগিয়ে যেতে পারি।"

থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়িচালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য বিনামূল্যে ডাউনলোড করার জন্য পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও গাড়ি চালকরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ই-মেইলের জন্য সাইন-আপ করতে পারেন যা থ্রুওয়ে সংলগ্ন সর্বশেষ অবস্থা সম্পর্কে তথ্য প্রদান করে৷

থ্রুওয়ে অথরিটিকে অনুসরণ করুন টুইটারে @NYSThruway এবং ফেসবুক New York State Thruway Authority।

ভ্রমণকারীরা ভ্রমণের আগে NYSDOT'-এর 511NY চেক করতে পারেন 5-1-1 এ ফোন করে, 511 ওয়েবসাইটে ভিজিট করে, অথবা বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপটি আইটিউন (iTunes) বা গুগল প্লে (Google Play) থেকে ডাউনলোড করে। এই বিনামূল্যের পরিষেবা ব্যবহারকারীদেরকে রাস্তার অবস্থা চেক করা, 2219টি ট্রাফিক ক্যামেরার দৃশ্য দেখা এবং বিমান ও ট্রানজিটের তথ্যের সাথে সংযোগ করার সুযোগ দেয়। অ্যাপটিতে ড্রাইভ মোডের বৈশিষ্ট্য রয়েছে যা কোনও ব্যবহারকারী যখন গাড়ি চালান তখন তার বাছাই করা রাস্তার বিষয়ে শ্রবণযোগ্য সতর্কতা সরবরাহ করে, ঘটনা এবং নির্মাণ সম্পর্কে তাদের সতর্ক করে।

নিউ ইয়র্ক স্টেট DOT-কে টুইটারে (Twitter) @NYSDOT-এ এবং ফেসবুকে (Facebook) New York State Department of Transportation।

গাড়ি চালকরা হয়তো মদ্যপান করতে পারেন এমন কোনো অনুষ্ঠান থেকে নিরাপদে বাড়ি ফেরার উপায় খুঁজে নিতে হ্যাভ এ প্ল্যান (Have a Plan) অ্যাপ ব্যবহার করার জন্য যানবাহন

বিভাগ (Department of Motor Vehicles) অনুরোধ জানাচ্ছে। গভর্নরের যানবাহন সংক্রান্ত নিরাপত্তা কমিটি ও NYS STOP-DWI ফাউন্ডেশন এর পক্ষ থেকে বিনামূল্যে প্রদান করা এই অ্যাপটি ব্যবহারকারীদেরকে একজন গাড়ি চালক মনোনীত করার, ট্যাক্সি কল করার অথবা রাইড শেয়ার ব্যবহার করার, এবং মাতাল অবস্থায় গাড়ি চালানোর পরিণতি পর্যালোচনা করার সুযোগ দেয়। এমনকি ব্যবহারকারীরা এই অ্যাপ ব্যবহার করে মাতাল বা নেশাগ্রস্ত গাড়ি চালক সম্পর্কে রিপোর্টও করতে পারেন। এই অ্যাপটি অ্যাপল (Apple), অ্যান্ড্রয়েড (Android) ও উইন্ডোজ (Windows ) স্মার্ট ফোনের জন্য উপলব্ধ।

টুইটারে @NYSDMVএ এবং ফেসবুকে New York State Department of Motor Vehiclesএ DMVকে অনুসরণ করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418